

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ

(২০২৩ইং সনের ১১৭নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৫শে এপ্রিল, ২০২৩খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার হইতে ২৭শে এপ্রিল, ২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চ গঠন করা হইলঃ

১.

বিচারপতি মোস্তফা জামান ইসলাম

এবং

বিচারপতি মোহাম্মদ আলী

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদি সহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

স্বাঃ/

প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ ২৪শে এপ্রিল, ২০২৩খ্রিঃ।

প্রচারের জন্যঃ-

১. বিচারপতি মোস্তফা জামান ইসলাম
২. বিচারপতি মোহাম্মদ আলী